কালীগঞ্জে ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

ঝিনাইদহের কালীগঞ্জে ফেনসিডিলসহ বসিরুল ইসলাম বসির (৪৫) নামে এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে থানা পুলিশ। এসময় তার কাছ থেকে ১৩০ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়েছে।

বুধবা দুপুরে শহরের আয়েশা খাতুন তেল পাম্পের সামনে থেকে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়েছে। আটক বসির শহরের আড়পাড়া এলাকার গোলাম সরোয়ারের ছেলে।

কালীগঞ্জ থানার ওসি মুহা: মাহফুজুর রহমান মিয়া জানান, গোপন সংবাদের ভিত্তিতে শহরের আয়েশা খাতুন তেল পাম্প এলাকায় এসআই সুজাত আলী ও এএসআই তারিকুজ্জামানসহ সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে ১৩০ বোতল ফেনসিডিলসহ বশির নামে এক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে।

তার বিরুদ্ধে কালীগঞ্জ থানায় মাদক আইনে মামলা হয়েছে।

কালীগঞ্জে নারী ও শিশুর উপর সহিংসতার প্রতিবাদে ছাত্রদলের মানববন্ধন

ঝিনাইদহের কালীগঞ্জে দেশব্যাপী নারী ও শিশুর উপর সহিংসতার প্রতিবাদে ছাত্রদলের মানববন্ধন অনুষ্ঠিত হয়ছ। শহরের থানা রোডস্থ দলীয় কার্যালয়ের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

কালীগঞ্জ উপজেলা, পৌর ও কলেজ শাখার আয়াজনে এ মানববন্ধন ছাত্রদলের বিপুলসংখ্যক নেতাকর্মী উপস্থিত ছিলেন।

কালীগঞ্জ উপজেলা ছাত্রদলের আহবায়ক মারুফ বিল্লাহ’র সভাপতিত্বে

মানববন্ধনে প্রধান অতিথি হিসবে বক্তব্য রাখেন ঝিনাইদহ জেলা ছাত্রদলের সভাপতি এস.এম সমিনুজ্জামান সমিন। এছাড়াও বক্তব্য প্রদান করেন সরকারি কে.সি কলেজ ছাত্রদলের সাবেক সভাপতি আব্দুস সালাম, কালীগঞ্জ উপজেলা ছাত্রদলর সদস্য সচিব মসুম উদ্দিন শোভন, পৌর আহবায়ক জুয়েল রানা, সদস্য সচিব তরিকুল ইসলাম, কলেজ ছাত্রদলের আহবায়ক সাজিদ হাসান জনি, সদস্য সচিব কামরুল ইসলাম প্রমুখ।

মানববন্ধনে অন্যান্যর মধ্য উপস্থিত ছিলেন উপজলা ছাত্রদলের যুগ্ম আহবায়ক আসাদুল ইসলাম, আলাউদ্দিন, তারেকুর রহমান টিপু, মেহেদী হাসান হিরণ, পৌর শাখার যুগ্ম আহবায়ক ইসরাফিল হাসন জুয়েল, মুশফিকুর রহমান তানভীর, হাসানুজ্জামান ইভন, আশরাফুল ইসলাম নিরব, সাকিবুল হাসান, শিপন আহমদ, কলেজ ছাত্রদলের যুগ্ম আহবায়ক আল আমিন, হারুন উর রশিদ রাজা, ইফতি জাহান, দিপু পারভজ, খালেদ সাইফুল্লাহ শাওন, উপজলা ছাত্রদলর সদস্য মনিরুজ্জামান মুনা, সাবির হাসান, গাজী তরিকুল, জুয়ল মিয়া, রাজিবুল ইসলাম রাজিব, পৌর ছাত্রদলের সদস্য মাসুম মন্ডল, তারিক মাহমুদ, সাকিবুল হাসান, মাহফুজ পারভেজ, কলেজ শাখার সদস্য শাহারিয়ার আলম, সাবির হাসন, ফাহিম শাহারিয়ার, আবির হাসনসহ বিপুল সংখ্যক নেতাকর্মী।

মানববন্ধন প্রধান অতিথির বক্তব্যে ঝিনাইদহ জেলা ছাত্রদলর সভাপতি সমিনুজ্জামান সমিন বলন, সরকার দলীয় দুর্বত্তরা ধর্ষণের সাথ জড়িত। নারী ও শিশুর উপর নির্যাতনকারী যে দলরই লোক হোক না কেন তাকে গ্রেফতার করে বিচারর আওতায় আনতে হবে। তিনি আরা বলন, সম্প্রতি কালীগঞ্জ উপজেলার তিনটি ইউনিটের আহবায়ক কমিটি গঠন করা হয়ছে। কেন্দ্রীয় সাংগঠনিক টিম ও জেলা ছাত্রদলের মাধ্যমে উক্ত কমিটিগুলা ঘোষণা করা হয়েছে। এই কমিটির বিপক্ষ যারা অবস্থান নিবেন তাদের সাথে ছাত্রদলর কোন সম্পৃক্ততা নাই।

কালীগঞ্জে ভোক্তা অধিকার

সংরক্ষণ আইন সেমিনার অনুষ্ঠিত

কালীগঞ্জ উপজেলা প্রশাসনের আয়োজনে বুধবার উপজেলা পরিষদ সভাকক্ষে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ অবহিতকরণ ও বাস্তবায়ন বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে ।

উপজেলা নির্বাহী অফিসার সূবর্ণা রাণী সাহা’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান এস এম জাহাঙ্গীর সিদ্দিক ঠান্ডু।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মহিলা ভাইস চেয়ারম্যান শাহানাজ পারভীন, ও ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল।

অনান্যের মধ্যে আরও উপস্থিত ছিলেন, উপজেলা প্রাণী সম্পদ অফিসার ডা.এ. এস. এম আতিকুজ্জামান, দৈনিক নবচিত্র পত্রিকার প্রধান সম্পাদক ও প্রকাশক আলহাজ্ব শহিদুল ইসলাম, সোনার বাংলা ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক শিবু পদ বিশ্বাস, কালীগঞ্জ প্রেস ক্লাবের সাংগঠনিক সম্পাদক শাহ আলম, একাত্তর টিভি সাংবাদিক মিশন আলী।

এছাড়াও উপজেলার বিভিন্ন কর্মকর্তা, এনজিও প্রতিনিধি এবং বিভিন্ন ব্যবসায়ী সমিতির সভাপতি/সম্পাদক ও অন্যান্য অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন।

সেমিনারে ব্যবসায়ীদের প্রতিটি দোকানে দ্রব্যমূল্য তালিকা টানানোর জন্য নির্দেশনা দেওয়া হয় এবং হোটেল মালিক সমিতি ও বেকারী মালিক সমিতির সদস্যদের খাবারের মান উন্নয়ন ও পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ে বিশেষ নির্দেশনা দেওয়া হয়।

হরিণাকুণ্ডু পৌর কৃষকলীগের

সম্মেলন অনুষ্ঠিত

ঝিনাইদহের হরিণাকুণ্ডু পৌর কৃষকলীগের সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

সন্মেলনে সর্বসন্মতিক্রমে আনোয়ার হোসেন কে সভাপতি এবং আব্দুর রাজ্জাক কে সাধারণ সম্পাদক ও জহুরুল ইসলাম কে সাংগঠনিক সম্পাদক করে ৬১ সদস্য বিশিষ্ট পৌর কৃষকলীগের কমিটি গঠন করা হয়েছে।

মঙ্গলবার বিকালে প্রিয়নাথ স্কুল এন্ড কলেজ প্রাঙ্গনে সন্মেলন প্রস্তুত কমিটির আহবায়ক আনোয়ার হোসেনের সভাপতিত্বে ও জসিমউদ্দীন এর সঞ্চালনায় সন্মেলনে প্রধান অতিথি ছিলেন, পৌর মেয়র ও পৌর আ.লীগের সভাপতি শাহীনুর রহমান রিন্টু।

বিশেষ অতিথি ছিলেন উপজেলা কৃষকলীগের আহবায়ক আব্দুল্লাহ্ আল বাকী, পৌর মেয়র পদপ্রার্থী আবু আসাদ রুনু, সংসদ সদস্যের প্রতিনিধি আছাদুজ্জামান আছাদ।

এছাড়াও বক্তব্য রাখেন, আ.লীগ নেতা ও সহকারী শিক্ষক সালউদ্দীন বুলু, কৃষকলীগ নেতা কৃষ্ণ বিশ্বাস, ৭নং ওয়ার্ড আ.লীগের সাধারণ সম্পাদক সামছুল ইসলাম, সাবেক সাধারণ সম্পাদক শরিফুল ইসলাম সহ পৌর কৃষক লীগের নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে যুবলীগ নেতার উদ্যোগে রাস্তা মেরামত

এলাকার মানুষের ভোগান্তি কমাতে ভাঙা রাস্তা স্ব উদ্যোগে মেরামত করলেন ঝিনাইদহ সদর থানা যুবলীগের সাবেক আহ্বায়ক নুরে আলম বিপ্লব।

ঝিনাইদহ সদর উপজেলার হলিধানী বাজার থেকে সোনারদাইড় পর্যন্ত রাস্তাটি এবারের ভারী বর্ষণে বিভিন্ন স্থানে খানা খন্দের সৃষ্টি হয়। এতে করে রাস্তাটি চলাচলের জন্য ঝুঁকিপূর্ণ হয়ে পড়ে। তাই রাস্তাটি সংস্কারের উদ্যোগ নেন যুবলীগ নেতা নূরে আলম বিপ্লব।

রাস্তা দিয়ে নিয়মিত চলাচলরত ভ্যান চালক মহিরদ্দিন বলেন, হলিধানী বাজার থেকে বাজার গোপালপুর রাস্তায় মাঝে মধ্যে ভাঙ্গা হওয়ার কারনে চলতে অনেক সুবিধা হয়, বিপ্লব বাবাজি রাস্তা ঠিক করছে দেখছি, রাস্তাটি ঠিক হলে সকলের উপকার হবে।

ওই এলাকার স্থানীয় ব্যবসায়ী ইউনুছ আলী (৫৫) বলেন, এ রাস্তা দিয়ে প্রতিদিন জেলা সদরসহ ঝিনাইদহ শহরে যাতায়ত করে শত শত মানুষ। এ রাস্তা দিয়া নিয়মিত, ইজিবাইক, অটো, ভ্যান ও নসিমন, আলমসাধু পিকাপ গাড়ি চলাচল করে। যুবলীগের নেতা নুরে আলম বিপ্লব মানুষের কথা ভেবে এগিয়ে এসেছেন। তার উদ্যোগকে আমরা সাধুবাদ জানাই।

এ বিষয়ে যুবলীগ নেতা নূরে আলম বিপ্লব বলেন, ‘আমার নিজ এলাকা হলিধানী বাজার হতে সোনাদাড়ি পর্যন্ত গ্রামের বিভিন্ন রাস্তার বেহাল দশা, কিছু কিছু রাস্তা চলাচলের অযোগ্য হয়ে পড়ায় মানুষের ভোগান্তি বেড়েছে।

রাস্তাটি চলাচলের অনুপোযী হলে আমি নিজ উদ্যোগে হলিধানী বাজার হতে সোনারদাইড় পর্যন্ত প্রায় তিন কিলোমিটার রাস্তা সংস্কার করার কাজ শুরু করেছি। রাস্তা মেরামতকালে উপস্থিত ছিলেন, আব্দুর রহিম শেখ, বাদশা ছৈয়াল, মোজাম্মেল হোসেন, ওসমান আলী, ফারুক বিশ্বাস, রাশেদুল ইসলাম, রফিকুল ইসলাম সহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ।

এসময় উপস্থিত জনসাধারণ বলেন, আগামীতে এ ধরণের জনবান্ধব নেতাকে আমরা চেয়ারম্যান হিসেবে দেখতে চাই।

ঝিনাইদহে ইবতেদায়ী মাদ্রাসার শিক্ষকদের জাতীয়করণসহ ৭ দফা দাবিতে মানববন্ধন

সতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা শিক্ষকদের জাতীয়করণসহ ৭ দফা দাবিতে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকালে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে সতন্ত্র ইবতেদায়ী মাদরাসা শিক্ষক সমিতি জেলা শাখা এ কর্মসূচীর আয়োজন করে। এতে ব্যানার, ফেস্টুন নিয়ে শিক্ষক সমিতির নেতৃবৃন্দসহ বিভিন্ন মাদ্রাসার শিক্ষকরা অংশগ্রহন করেন।

এসময় বক্তব্য রাখেন, বাংলাদেশ স্বতন্ত্র ইবতেদায়ী মাদরাসা শিক্ষক সমিতি জেলা শাখার উপদেষ্টা আলহাজ্ব আনোয়ার হোসেন, সভাপতি নাসরিন বেগম, সাধারণ সম্পাদক জামির হোসেন, শিক্ষক নেতা তাইফুর রহমান, আবু সেলিম, কামরুজ্জামান লিটন, সুমাইয়া বেগম, আফরোজা পারভীন, কামরুন্নাহার, হাসানুজ্জামান, রকিবুজ্জামান, আব্দুল মতিনসহ অন্যান্যরা।

এসময় বক্তারা, মাদ্রাসা জাতীয়করন, শিক্ষকদের টিপিআই প্রশিক্ষণ, আসবাবপত্র সরবরাহ, অফিস সহকারী নিয়োগসহ ৭ দফা দাবি জানান। পরে জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রী বরারব স্মারকলিপি পেশ করেন তারা।

ঝিনাইদহের মধুহাটি ইউনিয়ন আওয়ামী লীগের কর্মীসভা অনুষ্ঠিত

ঝিনাইদহের ২নং মধুহাটী ইউনিয়ন আওয়ামী লীগের কর্মীসভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বিকালে সদর উপজেলার বাজার গোপালপুরে মধুহাটি ইউনিয়ন আওয়ামী লীগের উদ্যোগে এ কর্মীসভা অনুষ্ঠিত হয়।

মধুহাটি ইউনিয়ন আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি সিরাজুল ইসলাম এর সভাপতিত্বে কর্মীসভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পৌরমেয়র আলহাজ্ব সাইদুল করিম মিন্টু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের যুগ্ম-সম্পাদক মাসুদ আহমেদ সঞ্জু, ধর্ম বিষয়ক সম্পাদক এস এম আনিচুর

রহমান খোকা, কোটচাদপুর পৌর মেয়র জাহিদুল ইসলাম, সদর থানা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক জে এম রশিদুল আলম রশিদ, পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, জেলা শ্রমিক লীগের আহবায়ক আব্দুল হান্নান, ইউপি চেয়ারম্যান আব্দুল মালেক মিনা, সৈয়দ নিজামুল গণি লিটু, নাজির উদ্দিন, আশরাফুল ইসলাম আশরাফ, ইছাহাক আলী জোয়ার্দ্দার, কবির হোসেন, আব্দুল্লাহ আল মাসুমসহ আওয়ামী লীগ, কৃষকলীগ, স্বেচ্ছাসেবক লীগ, যুবলীগসহ অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। অনুষ্ঠানটি পরিচালনা করেন জেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক আশরাফুল আলম ও আওয়ামী লীগ নেতা আলতাফ হোসেন।

বক্তারা বলেন আওয়ামী লীগের উন্নয়নের জোয়ার দেখে বিএনপির গাত্রদাহ শুরু হয়েছে। এছাড়াও তৃনমূল নেতাকর্মীদের ঐক্যবদ্ধ হয়ে বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে একযোগে কাজ করার আহবান জানান।

ঝিনাইদহে বাসের ধাক্কায় ভ্যান চালক নিহত

ঝিনাইদহ শহরের পবহাটি কলাহাট এলাকায় বাসের ধাক্কায় করিম মোল্লা
(৫৫) নামের এক ভ্যানচালক নিহত হয়েছে। মঙ্গলবার সকালে এ দুর্ঘটনা ঘটে। নিহত করিম মোল্লা সদর উপজেলার বেড়াদি গ্রামের মৃত ইয়ামিন মোল্লার ছেলে।

ঝিনাইদহ সদর থানার ওসি মিজানুর রহমান জানান, বেড়াদি গ্রামের ভ্যানচালক করিম মোল্লা সকালে কলা নিয়ে বাইসাইকেল যোগে শহরের কলার বাজারে আসছিলেন।

পথে বাজারের পাশে পৌঁছালে কুষ্টিয়া থেকে ফরিদপুরগামী রাসেল পরিবহণের একটি বাস তাকে ধাক্কা দিয়ে রাস্তার পাশে ফেলে যায়।

সেখান থেকে তাকে গুরুতর আহত অবস্থায় উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে। এ ঘটনায় বাসটি আটক করলেও চালক পালিয়ে গেছে।

ঝিনাইদহে বিশ্বসাহিত্য কেন্দ্রের পুরস্কার বিতরণ

ঝিনাইদহে বিশ্বসাহিত্য কেন্দ্রের আয়োজনে অনলাইন সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরষ্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকালে শহরের হার্ভাড স্কুল এন্ড কলেজ মিলনায়তনে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। শিক্ষা প্রতিষ্ঠানটির অধ্যক্ষ আব্দুর রহিম এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) আরিফ-উজ-জামান।

বিশ্বসাহিত্য কেন্দ্র ঝিনাইদহ ইউনিট এর ইনচার্জ আলমগীর হোসেন এর পরিচালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, জেলা কালচারাল অফিসার জসিম উদ্দিন, টিআইবি’র সংগঠক সুরাইয়া পারভীন মলি, কবি গুলজার হোসেন গরিব।

অনুষ্ঠানে আলোচনা সভা শেষে অনলাইন সাংস্কৃতিক প্রতিযোগিতায় অংশ গ্রহণকারী বিজয়ীদের মাঝে পুরষ্কার বিতরণ করা হয়। পরে অনুষ্ঠিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।

হরিণাকুণ্ডুর দৌলতপূর ইউনিয়নের ৫নং ওয়ার্ডের সদস্যপদে উপ-নির্বাচনে বিজন

নির্বাচিত

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার ৪নং দৌলতপূর ইউনিয়নের ৫নং ওয়ার্ডের উপ-নির্বাচন অবাধ সুষ্ঠু, নিরপেক্ষ ও শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয়েছে। বিজন পারভেজ সোহাগ (মোরগ প্রতিক) নিয়ে ১৩১৫ ভাট পেয়ে নির্বাচিত হয়েছেন তার নিকটতম প্রতিদ্বন্দ্বী তোফাজ্জেল হোসেন (ফুটবল প্রতিক) নিয়ে ৩৭১ ভোট পেয়েছেন।

মঙ্গলবার সকাল ৯টায় ভোট গ্রহণ শুরু হয়ে বিকাল ৫টায় শেষ হয় । উপ-নির্বাচনে তিনজন প্রার্থী অংশগ্রহণ করেছিল।

উপজেলা নির্বাচন কর্মকর্তা মোঃ নূর-উল্লাহ জানান ৪নং দৌলতপূর ইউনিয়নের তিনটি গ্রাম নিয়ে এই ৫নং ওয়ার্ড, এই ওয়ার্ডের সাবেক ইউপি সদস্য গোলাম হায়দার আলী গত ২০১৯ সালের ১৫ ডিসেম্বর মৃত্যুবরণ করলে পদটি শুন্য হয়ে পড়ে।

এই ওয়ার্ডে মোট ভোটার সংখ্যা ছিল-২২৭৫ তার মধ্যে মহিলা-১১২৮ এবং পূরুষ ভোটের সংখ্যা ১১৪৭ জন। তিনি এই নির্বাচন শান্তিপূর্ণ পরিবেশে সম্পন্ন হয়েছে বলে দাবী করেন ।

নির্বাচন চলাকালীন সময়ে ঝিনাইদহ সহকারী পুলিশ সুপার (শৈলকুপা- হরিণাকুণ্ডু সার্কেল) আরিফুল ইসলাম, হরিণকুণ্ডু থানার অফিসার ইনচার্জ আব্দুর রহিম মোল্লা উপস্থিত ছিলেন।
রামচন্দপূর সরকারী প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে সরকারী লালনশাহ্ কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক শরিফুজ্জামান প্রিজাইডিং অফিসারের দায়ত্ব পালন করেন।